# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## সমাজসেবা অধিদফতর
## জেলা সমাজসেবা কার্যালয়
## পুলহাট, দিনাজপুর

| ক্রমিক নং | সেবা সমূহ | সেবাদানের পদ্ধতি |
|---|---|---|
| ০১ | পল্লী সমাজসেবা কার্যক্রম | ১. উপজেলা কার্যক্রম বাস্তবায়ন কমিটি কর্তৃক গ্রাম নির্বাচন।<br>২.গ্রাম পর্যায়ে জরিপ, কর্মদল এবং গ্রাম কমিটির গঠন।<br>৩. বৃত্তিমূলক/সামাজিক ও স্বাস্থ্য বিষয়ক ওরিয়েন্টেশন।<br>৪. গ্রাম কমিটির নিকট ঋণ প্রাপ্তির জন্য স্কীম সহ নির্ধারিত ফর্মে আবেদন।<br>৫. গ্রাম কমিটির সুপারিশ।<br>৬. উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক স্কীম এর সম্ভব্যতা যাচাই।<br>৭. কার্যক্রম বাস্তবায়ন কমিটির অনুমোদন ঋণ বিতরণ।<br>*সেবা সমূহ বিনা মূল্যে প্রদান করা হয়। |
| ০২ | এসিড দগ্ধ ও প্রতিবন্ধীদের পুনবার্সন কার্যক্রম | ১. প্রতিবন্ধীদের জরিপ ফর্মপূরণ এবং উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রতিবন্ধী হিসাবে অর্ন্তভূক্ত।<br>২. বৃত্তিমূলক/সামাজিক ও স্বাস্থ্য বিষয়ক ওরিয়েন্টেশন।<br>৩. ঋণ প্রাপ্তির স্কীমসহ নির্ধারিত ফর্মে উপজেলা সমাজসেবা কার্যালয়ে আবেদন।<br>৪.উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক স্কীম এর সম্ভাব্যতা যাচাই। |
| ০৩ | বয়স্ক ভাতা এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কার্যক্রম | ১. সমাজসেবা অফিসার বরাবর নির্ধারিত ফর্মে আবেদন।<br>২. ব্যাপক প্রচারের মাধ্যমে ওয়ার্ড ভিত্তিক প্রার্থী বাছাই ও নির্বাচন।<br>৩. ইউনিয়ন চেয়ারম্যান এর সভাপতিত্বে কমিটি কর্তৃক বাছাইকৃত প্রার্থী উপজেলা কমিটিতে সুপারিশ।<br>৪. উপজেলা চেয়ারম্যান এর সভাপতিত্বে চুড়ান্ত অনুমোদন।<br>৫. উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক অনুমোদিত উপকারভোগীদের নামে নগদ হিসাবে পে-রোল প্রেরণ।<br>৬. G2P’র মাধ্যমে উপকারভোগীর নগদ হিসাব নাম্বারে EFT প্রেরণ।<br>*সেবা সমূহ বিনা মূল্যে প্রদান করা হয়। |
| ০৪ | অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর ভাতা ও হিজড়া জনগোষ্ঠীর ভাতা | ১. সমাজসেবা অফিসার বরাবর নির্ধারিত ফর্মে আবেদন।<br>২. ব্যাপক প্রচারের মাধ্যমে ওয়ার্ড ভিত্তিক প্রার্থী বাছাই ও নির্বাচন।<br>৩. ইউনিয়ন চেয়ারম্যান এর সভাপতিত্বে কমিটি কর্তৃক বাছাইকৃত প্রার্থী উপজেলা কমিটিতে সুপারিশ।<br>৪. উপজেলা চেয়ারম্যান এর সভাপতিত্বে চুড়ান্ত অনুমোদন।<br>৫. উপজেলা সমাজসেবা অফিসার কর্তৃক অনুমোদিত উপকারভোগীদের নামে নগদ হিসাবে পে-রোল প্রেরণ।<br>৬. G2P’র মাধ্যমে উপকারভোগীর নগদ হিসাব নাম্বারে EFT প্রেরণ।<br>*সেবা সমূহ বিনা মূল্যে প্রদান করা হয়। |
| ০৫ | স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন কার্যক্রম | ১. আবেদনের প্রেক্ষিতে সংগঠনের নামকরণের ছাড়পত্র গ্রহণ।<br>২. নির্ধারিত ফর্মে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ নিবন্ধন প্রাপ্তির জন্য আবেদন।<br>৩. ৫০০০ টাকার ট্রেজারী চালান।<br>৪. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সরেজমিনে তদন্ত।<br>৫. নিবন্ধনের জন্য সুপারিশসহ তদন্ত প্রতিবেদন ও নিবন্ধন প্রদান।<br>* ট্রেজারী চালান ব্যতিত অন্যান্য সেবাসমূহ বিনামূল্যে প্রদান করা হয়। |
| ০৬ | নিবন্ধীত স্বেচ্ছাসেবী সংগঠন সমূহের মধ্যে অনুদান প্রদান। | ১. বাংলাদেশ জাতীয় সমাজকল্যান পরিষদ কর্তৃক অনুদান প্রদানের জন্য আবেদন সংগ্রহের বিজ্ঞপ্তি জারী।<br>২. সংশ্লিষ্ট সেবা কেন্দ্রসমূহে আবেদন পত্র প্রেরণ।<br>৩. সেবা গ্রহীতাদের মধ্যে আবেদন পত্র বিক্রয়/বিতরণ।<br>৪. নির্ধারিত ফর্মে আবেদন (বিশেষ অনুদানের জন্য প্রতিষ্ঠান/সংগঠন/সংস্থা এর ক্ষেত্রে নিজস্ব প্যাডে ও দুঃস্থ ব্যক্তিগণ সাদা কাগজে আবেদন করতে পারবেদন)। |

| | | |
|---|---|---|
| | | ৫. আবেদন পত্রসমূহ সংশ্লিষ্ট সমাজসেবা কার্যালয়ে জমা।<br>৬. সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃক যাচাই-বাছাই ও জেলা সমাজকল্যাণ পরিষদে প্রেরণ।<br>৭. জেলা সমাজকল্যাণ পরিষদ কর্তৃক বাছাই ও সুপারিশ।<br>৮. বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক চুড়ান্ত নির্বাচন।<br>৯. জেলা/উপজেলা সমাজসেবা কার্যালয়ে চেক প্রেরণ।<br>১০. অনুদান বিতরণ।<br>* আবেদন পত্রের জন্য ১০০ টাকা ফি প্রদান করতে হবে। |
| ০৭ | ক্যাপিটেশন গ্রান্ট | ১. শিশুসদনের নিজস্ব প্যাডে সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কার্যালয়ের মাধ্যমে সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় বরাবর আবেদন।<br>২. সমাজসেবা কর্মকর্তা কর্তৃক সরেজমিন পরিদর্শন, নির্ধারিত জরিপ ফরম পূরণ পূর্বক প্রতিবেদন সুপারিশসহ উপপরিচালক বরাবর প্রেরণ।<br>৩. উপপরিচালক কর্তৃক জরিপর ফরম ও প্রাসঙ্গিক তথ্যাবলী সুপারিশ সহকারে মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, সদর কার্যালয়, ঢাকা বরাবর প্রেরণ।<br>৪. মহাপরিচালকের সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ।<br>৫. সচিব সমাজকল্যাণ কর্তৃক ক্যাপিটেশন গ্রান্ট অনুমোদন ও বরাদ্দ প্রদান।<br>৬. সংশ্লিষ্ট কার্যালয়ে বিল দাখিল ও বরাদ্দ তদন্ত সাপেক্ষে ক্যাপিটেশন গ্রান্ট প্রদান।<br>*সেবা সমূহ বিনা মূল্যে প্রদান করা হয়। |
| ০৮ | প্রবেশন কার্যক্রম | ১. বিজ্ঞ আদালতে সাজাপ্রাপ্ত লঘু অপরাধী/১ম অপরাধী কর্তৃক আবেদন।<br>২. বিজ্ঞ আদালত কর্তৃক প্রবেশন অফিসারকে অপরাধী সম্পর্কে প্রাক-দন্ডাদেশ প্রতিবেদন প্রদানের আদেশ।<br>৩. প্রবেশন অফিসার কর্তৃক প্রাক-দন্ডাদেশ প্রতিবেদন দাখিল।<br>৪. বিজ্ঞ আদালত কর্তৃক প্রবেশন মঞ্জুরী (অপরাধী কর্তৃক বন্ড সহি প্রদান সাপেক্ষে)।<br>৫. প্রবেশন মেয়াদে অপরাধীকে কাউন্সিলিং, মনটরিং সহ তার উন্নয়নের বিষয়ে সার্বিক সহায়তা প্রদান।<br>৬. প্রবেশন অফিসার কর্তৃক নিয়মিত আদালতে প্রতিবেদন দাখিল।<br>৭. প্রবেশন মেয়াদান্তে প্রবেশন অফিসারের প্রতিবেদনের প্রেক্ষিতে আদালত কর্তৃক প্রবেশনারকে মুক্তি প্রদান/কারাগারে প্রেরণ।<br>*সেবা সমূহ বিনা মূল্যে প্রদান করা হয়। |
| ০৯ | প্রবেশন এন্ড আফটার কেয়ার সার্ভিস | ১. প্রবেশন অফিসারের নিকট আবেদন।<br>২. অপরাধী সংশোধন ও পুনবার্সন সমিতি অনুমোদন সাপেক্ষে আর্থিক সহায়তা প্রদান।<br>৩.অথবা উপজেলা সমাজসেবা অফিসারের নিকট সুপারিশসহ আবেদন পত্রটি প্রেরণ।<br>৪. উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক সুদমুক্ত ঋণ কার্যক্রমের আওতার সহায়তা প্রদান।<br>*সেবা সমূহ বিনা মূল্যে প্রদান করা হয়। |
| ১০ | প্রতিবন্ধী, অনগ্রসর ও হিজড়া শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচী | ১. উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক নির্ধারিত ফরমে জরিপ কাজ সম্পাদন।<br>২. সমাজসেবা অফিসার বরাবর নির্ধারিত ফরমে আবেদন।<br>৩. উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে কমিটি কর্তৃক চূড়ান্ত প্রার্থী বাছাই ও নির্বাচন।<br>৪. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট উপবৃত্তির চেক হস্তান্তর।<br>৫. শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক উপবৃত্তির অর্থ সংশ্লিষ্ট প্রতিবন্ধী শিক্ষার্থীকে প্রদান।<br>*সেবা সমূহ বিনা মূল্যে প্রদান করা হয়। |
| ১১ | ক্যান্সার/কিডনী/লিভার সিরোসিস/ষ্ট্রোকে প্যারালাইজড/জন্মগত হৃদরোগ এবং থ্যালাসামিয়ায় আক্রান্ত রোগীদের অনুদান প্রসঙ্গে | ১. Online আবেদন করতে হবে।<br>২. Online আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট রোগের সাপেক্ষে প্রয়োজনীয় কাগজপত্রসহ উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা দিতে হবে।<br>৩. জেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক আবেদনপত্র যাচাই-বাছাই করে জেলা প্রশাসক এর নিকট উপস্থাপন।<br>৪. জেলা প্রশাসক এর সভাপতিত্বে জেলা কমিটির সভায় আবেদন সমূহ যাচাই-বাছাই ও চুড়ান্ত অনুমোদন।<br>৫. জেলা প্রশাসক ও উপপরিচালক এর যৌথ স্বাক্ষরে সংশ্লিষ্ট রোগীর নামে চেক ইস্যু করা।<br>৬. স্থানীয় সংসদ সদস্য, উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারের উপস্থিতিতে চেক বিতরণ।<br>*সেবা সমূহ বিনা মূল্যে প্রদান করা হয়। |

| | | |
|---|---|---|
| ১২ | মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা কার্যক্রম | ১. নির্ধারিত ফরমে আবেদন।<br>২. উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে কমিটি কর্তৃক প্রাথমিক প্রার্থী বাছাই ও নির্বাচন।<br>৩. জেলা কমিটি কর্তৃক চূড়ান্ত প্রার্থী বাছাই ও নির্বাচন।<br>৪. উপজেলা হিসাব রক্ষণ অফিস হতে ভাতা সংক্রান্ত পাশ বই অনুমোদন।<br>৫. সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের জন্য নির্ধারিত তফসিল ব্যাংক কর্তৃক ভাতা বিতরণ।<br>*সেবা সমূহ বিনা মূল্যে প্রদান করা হয়। |